

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৯/২০১৬

অভিযোগকারী : জনাব ফেরদৌস হাসান  
পিতা:-মোঃ হাসান আলী শেখ  
ঠিকানা- জেসি রোড, ধানবান্ধি  
সিরাজগঞ্জ (জেলা প্রতিনিধি  
এটিএন বাংলা ও এটিএন নিউজ)।

প্রতিপক্ষ : উপজেলা নির্বাহী অফিসার  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
চৌহালী, সিরাজগঞ্জ।

## সিদ্ধান্তপত্র

(তারিখ : ২০-০৪-২০১৬ ইং)

অভিযোগকারী ২২-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে উপজেলা নির্বাহী অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), চৌহালী, সিরাজগঞ্জ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ অর্থ বছরে বন্যা অতিবৃষ্টি সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ঘর নির্মাণের জন্য গরীব অসহায় ও দুস্থদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর হতে প্রাপ্ত চেউটিন ও নগদ টাকার পরিমাণ এবং বিতরণকৃত ব্যক্তিদের নাম পূর্ণ ঠিকানা (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) এবং বিতরণকৃত চেউটিন ও টাকার পরিমাণ সরবরাহ।

- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৪-০১-২০১৬ তারিখে জনাব মোঃ বিল্লাল হোসেন, জেলা প্রশাসক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), সিরাজগঞ্জ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পর জনাব মোঃ তানভীর রহমান, সহকারী কমিশনার ও তথ্য সরবরাহকারী কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ ২৪-০১-২০১৬ তারিখে ০৫.৫০.৮৮০০.০১৫.০২.০০৩.১৬-২২(৪)/(৩) নং স্মারকমূলে উপজেলা নির্বাহী অফিসার, ০৪, সিরাজগঞ্জকে বিধি মোতাবেক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে তথ্য প্রাপ্তির আবেদন পত্রে উল্লিখিত তথ্য ০১-০২-২০১৬ তারিখের মধ্যে অভিযোগকারীকে প্রদানের নির্দেশ প্রদান করেন এবং পত্রের কপি অভিযোগকারীকে প্রেরণ করেন। আপীল কর্তৃপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে উক্ত নির্দেশনা প্রদানের পরেও কোন প্রতিকার না পেয়ে অভিযোগকারী ১৭-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৯-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীতে উভয়পক্ষ গরহাজির। উভয়পক্ষ গরহাজির থাকায় পরবর্তী ২০-০৪-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ফেরদৌস হাসান, তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়ে অভিযোগ প্রত্যাহারের জন্য তথ্য কমিশনে আবেদন প্রেরণ করে গরহাজির। প্রতিপক্ষ উপজেলা নির্বাহী অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), চৌহালী, সিরাজগঞ্জ গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি।

## পর্যালোচনা

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, উপজেলা নির্বাহী অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), চৌহালী, সিরাজগঞ্জ অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়েছেন এবং কমিশনে একটি কপি প্রেরণ করেছেন। প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগকারী অভিযোগটি প্রত্যাহারের আবেদন করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বেলকুচি, সিরাজগঞ্জ কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার

[বে.স]